# Sanatan Dharma

---

**বৈদিক শাস্ত্রে নির্দেশ ও করণীয়**

১। কখনো রূঢ় ভাষা প্রয়োগ করবে না ।
২। অতিরিক্ত ঘুমাবে না বা জেগে থাকবে না ।
৩। দাঁড়িয়ে প্রস্রাব করবে না এবং প্রস্রাব করার পর জল ব্যবহার করবে ।
৪। পায়খানা করার পর স্নান করবে ।
৫। কখনো কারো কিছু চুরি করবে না ।
৬। কাউকে ব্যঙ্গ করবে না ।
৭। মুখ না ঢেকে হাঁচ্চি বা হাই তুলবে না ।
৮। বয়োজ্যেষ্ঠ ব্যক্তির সামনে পা ছড়িয়ে বসবে না ।
৯। কখনো কারো ক্ষতি করবে না বরং উপকার করার চেষ্টা করবে ।
অসৎ শাস্ত্র পাঠ বা অধ্যয়ন করবে না ।
১০। অন্ধ, বোকা, পীড়িত, কুৎসিৎ, খোড়া ও পতিত লোককে আঘাত করবে না ।
১১। কারো মাথায় আঘাত করবে না ।
১২। কোলের উপর রেখে কোন কিছু খাবে না ।
১৩। কেউ যদি অপমান করে, তাকে তিরস্কার করবে না বরং বোঝাবে, যদি না বোঝে তবে সেই স্থান ত্যাগ করবে ।
১৪। খাওয়া বা পান করার জন্য ডান হাত ব্যবহার করবে ।
১৫। কারো নিকট যাতে কোনরূপ অপরাধ না হয় সেদিকে লক্ষ্য রাখবে ।
১৬। ঘুমাতে যাওয়ার পূর্বে হাত-পা ভাল করে ধোয়ে নিবে ।
১৭। সকালে ঘুম ভাঙ্গার সঙ্গে শ্রীকৃষ্ণের নাম, মাতা, পিতা, গুরুকে প্রণাম করবে ।
১৮। সকল রকম যৌন বাসনা ত্যাগ করবে ।
১৯। কাউকে চরন স্পর্শ করে প্রণাম করবে না ।
২০। মহিলারা মাতৃসুলভ আচরণ করবে ।
২১। প্রতিদিন সূর্যোদয়ের দেড় ঘন্টা আগে ঘুম থেকে উঠবে ।
২২। রাতে ছয় ঘন্টার বেশি ঘুমাবে না ।
২৩। বামদিকে পাশ ফিরে অথবা চিৎ হয়ে শোবে কিন্তু কখনোই উবু হয়ে শোবে না
২৪। ভগবানের সমতুল্য কাউকে মনে করবে না ।
২৫। অতিমাত্রায় ভোজন করবে না ।
২৬। আমিষ আহার, নেশাদ্রব্য, অবৈধ স্ত্রী সঙ্গ, জুয়া খেলা বর্জন করবে ।
২৭। প্রতিদিন মাতা পিতা ও আচার্যের সেবা করবে ।
২৮। সন্ধ্যা বেলায় ভোজন, গমন ও নিদ্রা বা শয়ন করবে না ।
২৯। ভোজনের পর স্নান করবে না ।
৩০। সত্য কথা বলবে কিন্তু অপ্রিয় সত্য বলবে না।

Published on: Jan, 14 2023 13:11